

ঢাবি প্রভোস্ট কমিটির সভা

# কোন শিক্ষার্থী প্রশাসনের অনুমতি ছাড়া হলে উঠতে পারবে না মেধার ভিত্তিতে সিট বরাদ্দ

সংবাদ : প্রতিনিধি, ঢাবি | ঢাকা, শুক্রবার, ১১ অক্টোবর ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রথম বর্ষে ভর্তি কৃত শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে শূন্য আসনে সিট বরাদ্দ করবে হল প্রশাসন। কোন শিক্ষার্থী হল প্রশাসনের অনুমতি ছাড়া হলে উঠতে ও অবস্থান করতে পারবে না। কেউ এর ব্যত্যয় ঘটালে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। গত বুধবার সন্ধ্যায় প্রভোস্ট কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।

ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভা থেকে ক্যাম্পাসে বু হলগুলোতে কোন মাদকসেবী, মাদককারবারী, মাদকাস্তু এবং সন্ত্রাসী অবস্থানের সুনির্দিষ্ট তথ্য জানা থাকলে, তা অনতিবিলম্বে সংশ্লিষ্ট হলের প্রভোস্ট ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকে অবহিত করতে শিক্ষার্থীদের এবং সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানানো হয়। এছাড়া, সভায় সিদ্ধান্ত নেয়া হয়, মাস্টাস পরীক্ষা শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে হল ত্যাগ করতে হবে।

সভাসূত্রে জানা যায়, ত্রাবর হলের যেসব কক্ষে অধিক সংখ্যক শিক্ষার্থী অবস্থান করে, সেখানে বাংক বেড স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিশেষজ্ঞদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে।

এছাড়া, সভায় বুয়েটের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের নির্মম হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জ্ঞাপন করে এই হত্যাকাণ্ড- প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানানো হয়।